**1.** Applications form shall be available and accepted at registered office of the Company. **2.** Interest shall be paid annually and be cumulative at the option of depositor. **3.** Deposit can be accepted in the joint names and all correspondence and payments there to shall be made to a person whose name appear first in application form. **4.** The Fixed Deposit receipt shall be issued within 21 days of realization of the cheque. **5.** Deposit will be paid on maturity but the Company reserves the right to repay the deposit at the request of the Depositor before the due date of such deposits in accordance with rule 15 of the Companies (Acceptance of deposit) Rules 2015. **6.** TDS shall be deducted in accordance with Income Tax Act 1961. **f.** Proposed time schedule mentioning the date of opening of the Scheme and the time period for which the advertisement is valid: The Scheme shall be opened from the date of publication in newspapers and shall be valid upto AGM of the financial year ending 31-03-2022. g. Reasons or objects of raising the deposits: The Company intends to raise the funds for its working capital requirements and general corporate funding. h. Credit rating obtained; Name of the Credit Rating Agencies, Rating obtained, Meaning of the rating obtained, Date on which rating was obtained. Name of Credit Rating Agency: CRISIL Rating obtained: Long term rating: CRISIL BBB-/ Stable Meaning of rating obtained: Stable Date of rating obtained: 11.04.2021 **i.** Extent of deposit insurance: Name of the Insurance Company, terms of the insurance coverage, duration of coverage, extent of coverage, procedure for claim in case of default etc: Not Applicable j. Short particulars of the charge created or to be created for securing such deposits, if any: Not Applicable k. Any financial or other material interest of the directors, promoters or key managerial personnel in such deposits and the effect of such interest in so far as it is different from the interests of other persons: No financial or other material interest of the directors, promoters or key managerial personnel in such deposits. **3.** Details of any outstanding deposits as on 31.03.2021 **a.** Amount Outstanding:109,714,000/- **b.** Date of Acceptance: On various dates. **c.** Total amount Accepted: 9,775,000/-(Including renewed deposits) **d.** Rate of Interest:06%-11% **e.** Total number of Depositors : 45 **f.** Default, if any, in repayment of deposits and payment of interest thereon, if any, including number of depositors, amount and duration of default involved: Nil. Any waiver by the depositors, of interest accrued on deposits: Nil **4.** Financial position of the company **a.** Profits of the company, before and after making provision for tax, for the three financial years immediately preceding the date of issue of advertisement;

(Rs. in Crore)

| For the Financial Year Ended | Profit before Tax | Profit after Tax |
|---|---|---|
| 31-03-2019 | 4.80 | (2.47) |
| 31.03.2020 | 4.99 | 3.41 |
| 31.03.2021 | 22.51 | 17.42 |

**b.** Dividends declared by the company in respect of the said three financial years; interest coverage ratio for last three years (Cash profit after tax plus interest paid):

| For the Financial Year Ended | Dividend | Interest Coverage Ratio |
|---|---|---|
| 31-03-2019 | - | 1.22 |
| 31.03.2020 | - | 1.97 |
| 31.03.2021 | - | 4.18 |

**c.** A summary of the financial position of the company as in the three audited balance sheets immediately preceding the date of issue of advertisement;

(Rs. in Crore)

| Liabilities | 31.03.2021 | 31.03.2020 | 31.03.2019 | Assets | 31-03-2021 | 31-03-2020 | 31-03-2019 |
|---|---|---|---|---|---|---|---|
| Share Capital | 1.24 | 1.24 | 1.24 | Non Current Assets | 59.80 | 60.14 | 56.77 |
| Reserves & Surplus | 93.95 | 76.53 | 73.12 | Current Assets | 149.51 | 209.02 | 243.63 |
| Non Current Liabilities | 12.83 | 19.07 | 21.73 | | | | |
| Current Liabilities | 101.29 | 172.32 | 204.31 | | | | |
| TOTAL | 209.31 | 269.16 | 300.4 | TOTAL | 209.31 | 269.16 | 300.4 |

**d.** Audited Cash Flow Statement for the three years immediately preceding the date of issue of advertisement : **(Rs. in Crore)**

| S. No. | Particulars | 31.03.2021 | 31.03.2020 | 31.03.2019 |
|---|---|---|---|---|
| 1. | Cash flows from operating activities | 90.51 | 36.03 | 64.75 |
| 2. | Cash flows from investing activities | (8.90) | (8.25) | (9.55) |
| 3. | Cash flows from financing activities | (81.64) | (27.88) | 56.07 |
| 4. | Net increase/(decrease) in cash & cash equivalents | (0.03) | (0.1) | (0.87) |

**e.** No changes have been made in accounting policies during the last three years. **5.** The Board of directors confirms that – **(a)** The company has not defaulted in the repayment of deposits accepted either before or after the commencement of the Act or payment of interest there on; **(b)** The board of directors have satisfied themselves fully with respect to the affairs and prospects of the company and that they are of the opinion that having regard to the estimated future financial position of the company, the company will be able to meet its liabilities as and when they become due and that the company will not become insolvent within a period of one year from the date of issue of the advertisement; **(c)** The company has complied with the provisions of the Act and the rules made there under; **(d)** The compliance with the Act and the rules does not imply that repayment of deposits is guaranteed by the Central Government; **(e)** The deposits accepted by the Company before the commencement of the act have been repaid. **(f)** In case of any adverse change in credit rating, depositors will be given a chance to withdraw deposits without any penalty. **(g)** The deposits shall be used only for the purposes indicated in the circular or the circular in the form of advertisement. **(h)** The deposits accepted by the company (other than the secured deposits, if any, aggregate amount of which to be indicated) are unsecured and rank pari passu with other unsecured liabilities of the Company. This advertisement is issued on the authority and in the name of the Board of Directors. The text hereof has been approved by the Board of Directors at its meeting held on 31.07.2021 and a copy thereof, signed by the majority of the Directors of the Company, and has been filed with the Registrar of Companies, Chandigarh.

By the order of the Board of Directors
For Ricela Health Foods Limited
Sd/-
Mr. Parshotam Dass Garg
Whole time Director

Place : Dhuri - Punjab
Date : 31.07.2021

# সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটিতে হাসপাতাল ম্যানেজমেন্ট কোর্স

**আজকালের প্রতিবেদন**

হাসপাতাল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স চালু করল সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি। তবে এই ডিপ্লোমা কোর্স শুধুমাত্র মেয়েদের মানে ছাত্রীদের জন্য। কোর্সটির যৌথ উদ্যোক্তা, রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবন। বুধবার ই-মাধ্যমে কোর্সটির আনুষ্ঠানিক উন্মোচন করেন সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ধ্রুবজ্যোতি চট্টোপাধ্যায়। ছিলেন রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবনের অধ্যক্ষ প্রব্রাজিকা বেদরূপপ্রাণা। ইউনিভার্সিটি জানিয়েছে, অনেকদিন ধরেই এমন একটি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা শুরু করার প্রয়োজন অনুভব করছিলাম আমরা। বলা যেতে পারে এটা এখন সময়ের চাহিদা বলেই আমরা মনে করছি। অবশেষে চালু করা গেল। উল্লেখ্য, কোর্সটিতে থাকছে দুটি সেমেস্টার। দুই সেমেস্টারেই থাকবে থিওরির পাশাপাশি বিশেষ হাতে কলমে শিক্ষা। দেশের শিল্পজগৎ ও শিক্ষা জগতের অভিজ্ঞ শিক্ষকরা প্রশিক্ষণ দেবেন এই স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে। সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির পক্ষ থেকে জানানো হয়েছে, রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবনের সঙ্গে যৌথ উদ্যোগে খুব শিগগিরই জনসংযোগ এবং বিজ্ঞাপনের ওপর আরও একটি বিশেষ কোর্স আনতে চলেছে তারা।

# পশ্চিমি ঝঞ্ঝায় তিন দিন বৃষ্টি

**তারিক হাসান**

ফের পশ্চিমি ঝঞ্ঝায় শীতে বাধা। সঙ্গে উপরি পাওনা সপ্তাহান্তে তিন দিনের বৃষ্টি। কোথাও হালকা তো কোথাও মাঝারি বৃষ্টি হবে। বেড়ে যাবে সর্বনিম্ন তাপমাত্রাও। হতে পারে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিও। বুধবার পূর্বাভাসে এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। তারা বলেছে, ঝঞ্ঝার প্রভাবে উত্তরবঙ্গে আজ, বৃহস্পতিবার অতি হালকা ঝিরঝিরে বৃষ্টি হতে পারে। দক্ষিণবঙ্গে শুক্রবার। তবে ঝঞ্ঝার প্রভাবে বৃষ্টি বাড়বে শনিবার থেকে। উত্তরবঙ্গে ওই দিন থেকে সোমবার পর্যন্ত বৃষ্টি হবে। বেশি বৃষ্টি হতে পারে শনি, রবিবারে। দক্ষিণবঙ্গে রবি, সোমবারে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

গত সপ্তাহেই জোড়া পশ্চিমি ঝঞ্ঝার প্রভাবে বৃষ্টি হয়ে শীতে বাধা পড়েছিল। সেই প্রভাব কাটতে গত কয়েকদিনে জমিয়ে শীত উপভোগ করা গেছে। জেলায় জেলায় জমজমাট শীত। জমজমাট শীত পুরুলিয়ায়ও। সেখানে এদিন সর্বনিম্ন তাপমাত্রা নেমে যায় ৮.১ ডিগ্রি সেলসিয়াসে।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, বৃহস্পতিবার সকালের দিকে শীতের আমেজ থাকলেও বেলা বাড়ার পর তা কমতে শুরু করবে। শুক্রবার আকাশে মেঘ ঢুকতে শুরু করায় পারদ কিছুটা চড়ে যাবে। রবিবার তাপমাত্রা ১৭ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে থাকতে পারে। ঝঞ্ঝাটির প্রভাব চলবে মঙ্গলবার পর্যন্ত। এটির প্রভাব কমার আগেই শুক্রবার নতুন একটি পশ্চিমি ঝঞ্ঝা দানা বাঁধতে চলেছে উত্তর-পশ্চিম ভারতে।



**সৌমিত্র ৮৭। করোনা আবহে তাঁর জন্মদিন পালিত হল গলফ গ্রিনের বাসভবনে। তাঁর লেখা কবিতা পাঠ করে, তাঁর স্মৃতিচারণ করে পালিত হল সৌমিত্র চট্টোপাধ্যায়ের ৮৭তম জন্মবার্ষিকী। ছিলেন তাঁর পুত্র-কন্যা সৌগত, পৌলমী ছাড়াও 'শ্যামবাজার মুখোমুখি' নাট্যদলের কর্ণধার বিলু দত্ত ও নাট্যদলের শিল্পীরা। বুধবার। ছবি: আজকাল**

# মাওবাদীদের অর্থ সাহায্য, কলকাতা থেকে ব্যবসায়ী ধৃত

**সব্যসাচী সরকার**

ঝাড়খণ্ডে মাওবাদীদের গোপনে অর্থ সাহায্য করার অভিযোগে কলকাতা থেকে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি গ্রেপ্তার করল মহেশ আগরওয়াল নামে এক ব্যবসায়ীকে। খোঁজা হচ্ছে তার দুই সঙ্গী পরিবহণ ব্যবসার সঙ্গে জড়িত অমিত আগরওয়াল ওরফে সোনু এবং বিনীত আগরওয়ালকে। এনআইএ-র ওই মামলায় কলকাতা থেকে মহেশকে গ্রেপ্তারের পর ট্রানজিট রিমান্ডে তাকে রাঁচি নিয়ে যাওয়া হচ্ছে। তার বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৫টি ধারা ছাড়াও ইউএপিএ ধারায় মামলা করা হয়েছে।



**ধৃত মহেশ আগরওয়াল।**

২০১৮ সালে ঝাড়খণ্ডের চাতরা জেলার তান্ডোয়া থানায় একটি মামলা দায়ের হয়। পুলিশ ওই তদন্ত শুরু করার পর দেখতে পায়, মাওবাদীদের তৃতীয় প্রস্তুতি কমিটিকে (টিপিসি) অর্থ সাহায্য করা হচ্ছে। মদঘ এবং আম্রপালী খনি প্রকল্পের সঙ্গে ব্যবসায়িক সূত্রে জড়িত মহেশ আগরওয়াল। এছাড়াও আধুনিক নামে একটি গুঁড়ো সাবান প্রস্তুতকারক সংস্থার মালিকও তিনি। প্রসঙ্গত চাতরা, ভবনাথপুর, গিরিডি, লাতেহার ইত্যাদি জায়গা মাওবাদীদের তৃতীয় প্রস্তুতি কমিটির শক্ত ঘাঁটি। তোলা নেওয়া নিয়মিত বিষয়। মহেশ তোলা দেওয়ায় জড়িত, এই বিষয়টি সামনে আসার পরেই মহেশ আগরওয়ালকে তাঁর সংস্থার পদ থেকে সরিয়ে দেওয়া হয়। সেই জায়গায় দায়িত্বে আনা হয় রাঘবেন্দ্র কুমার সিংকে। তান্ডোয়া কয়লাখনি এলাকায় অনেকগুলি সংস্থা কাজ করে। এনটিপিসির বড় প্লান্ট রয়েছে সেখানে।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি স্বতঃপ্রণোদিত হয়েই মামলা শুরু করে। চার্জশিটে দেখানো হয়, কয়েকটি সংস্থার কর্মী, স্থানীয় পুলিশের একাংশ তৃতীয় প্রস্তুতি কমিটিকে সাহায্য করে থাকে। এছাড়াও চার্জশিটে বলা হয়েছিল, মাওবাদীদের ভিলেজ পিস কমিটি, ওয়ে ব্রিজ অপারেটরস, এছাড়াও সঞ্জয় জৈন এবং অজয় সিং নামে দু'জনের কথা হয়েছিল। অভিযোগ, অম্রপালী-মদঘ কয়লা খনির কাজ যখন শুরু হয়, তখন তৃতীয় প্রস্তুতি কমিটি গাড়িপিছু ২৪০ টাকা প্রতি টন তোলা নিত। মহেশ আগরওয়াল, বিনীত আগরওয়াল এবং জনৈক সোনু মাওবাদীদের সঙ্গে যোগাযোগ করেছিল অর্থের বিনিময়ে। যাতে ব্যবসা সুগম হয়। কলকাতা থেকে মঙ্গলবার রাতে গ্রেপ্তারের পর দীর্ঘ জেরা চলে। ঝাড়খণ্ড হাইকোর্টে এই মামলায় বিচারপতি ড. রবিরঞ্জন এবং বিচারপতি এসএন প্রসাদ জামিন নাকচ করে দেন।

এদিন কলকাতার এনআইএ আদালতে বিচারপতি শ্যামল ঘোষ এবং দেবাশিস মল্লিক চৌধুরি বলেন, রাঁচিতে ধৃতের নামে একটি মামলা রয়েছে। ওই মামলায় চার্জশিটও পেশ করা হয়েছে। অভিযুক্ত মহেশ রাঁচি হাইকোর্টে মামলা 'স্কোয়াশ' করার জন্য আবেদন করেছিল। কিন্তু তা নাকচ হয়ে যায়। আদালত ২২ জানুয়ারি পর্যন্ত ট্রানজিট রিমান্ড মঞ্জুর করে। তার মধ্যে রাঁচি আদালতে অভিযুক্তকে হাজির করে ২৭ জানুয়ারির মধ্যে এনআইএ কলকাতা আদালতে রিপোর্ট পাঠাতে হবে।

## কলকাতার ৪৮ নং ওয়ার্ড

# কাউন্সিলর স্টেশন চালু

**কাকলি মুখোপাধ্যায়**

এলাকার মানুষের অভাব-অভিযোগ জানতে কাউন্সিলরের অফিসে ছুটতে হবে না। বাসিন্দাদের নাগালের মধ্যে পৌঁছে যাবেন কাউন্সিলর। এই অভিনব উদ্যোগ নিয়েছে ৪৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর বিশ্বরূপ দে। চালু করেছেন কাউন্সিলর স্টেশন। নিজের ওয়ার্ডে ২০টি কাউন্সিলর স্টেশন খুলেছেন বিশ্বরূপ।

কাউন্সিলর স্টেশনের কাজ প্রসঙ্গে বিশ্বরূপ দে জানান, বাসিন্দাদের নানা প্রয়োজনে ছুটতে হয় কাউন্সিলরদের কাছে। বাড়ির জলের লাইন, নিকাশি সমস্যা, আধার কার্ড থেকে শুরু করে সইসাবুদের জন্য নাগরিকদের কাউন্সিলরের দ্বারস্থ হতে হয়। রীতিমতো লাইন পড়ে যায়। করোনাকালে সংক্রমণ এড়াতে এই উদ্যোগ। ওয়ার্ডে ১৮টি কতক্ষণ কাউন্সিলর থাকবেন, তা দেওয়া থাকবে টাইম-টেবিলে। প্রতিটি স্টেশনে ঘুরিয়ে ফিরিয়ে কাউন্সিলর থাকবেন। নাগরিকদের অভাব- অভিযোগ শোনার জন্য। আর জংশন স্টেশনে রোজই উপস্থিত থাকবেন কাউন্সিলর। তিনি বলেন, '১৮টি স্টেশনে দিন ভাগ করে বসব। অর্থাৎ যদি সোম ও বুধবার দিনের একটা সময়ে একটা স্টেশনে বসব। আবার মঙ্গল, বৃহস্পতি আর একটা স্টেশনে আর এক সময়ে বসব। তবে জংশনে প্রতিদিনই বসব। যাতে ১৮টি স্টেশনে কাউন্সিলরকে কোনও কারণে না পেলেও জংশনে পেয়ে যাবেন। কাউন্সিলর সম্পর্কে নাগরিকদের ধারণা এবার বদলে যাবে। দরকারে কাউন্সিলর নাগরিকদের দরজায় যাবেন। নাগরিকদের কাউন্সিলরের অফিসে এসে বসে থাকতে হবে না।'

বাসিন্দাদের সুবিধার জন্য এলাকায়




**নাগরিকদের সমস্যার কথা শুনতে ৪৮ ওয়ার্ডের কাউন্সিলর বিশ্বরূপ দে চালু করলেন 'কাউন্সিলর স্টেশন'। থাকছে স্থান ও সময় দিয়ে টাইমটেবিল।**

স্টেশন এবং ২টি জংশন স্টেশন করা হয়েছে। প্রতিটি স্টেশন এবং জংশনের কাউন্সিলরের বসার টাইম-টেবিলও দিয়ে দেওয়া হয়েছে। কোন স্টেশনে কখন এবং কাউন্সিলর স্টেশনের টাইম-টেবিল দিয়ে পোস্টারও লাগানো হয়েছে। স্বাভাবিকভাবেই কাউন্সিলরের এই অভিনব উদ্যোগে খুশি ওয়ার্ডের মানুষ।

# ১০৮টি পুরসভার খসড়া বুথের তালিকা প্রকাশ

**আজকালের প্রতিবেদন**

১০৮টি পুরসভা ভোটের খসড়া বুথের তালিকা প্রকাশ হবে আগামী ২৭ জানুয়ারি। চূড়ান্ত বুথের তালিকা প্রকাশিত হবে আগামী ১০ ফেব্রুয়ারি। ২৭ ফেব্রুয়ারি ভোট করানোর বিষয়ে রাজ্য নির্বাচন কমিশন ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছে। কোথায়, কত ইভিএম লাগবে তার জন্য হিসেব নিকেশের কাজ চলছে। ১০৮টি পুরসভার মধ্যে দার্জিলিং জেলায় রয়েছে ১টি, কোচবিহারে ৬টি, আলিপুরদুয়ারে ২টি, জলপাইগুড়িতে ৩টি, উত্তর দিনাজপুরে ৩টি, দক্ষিণ দিনাজপুরে ২টি, মালদায় ২টি, মুর্শিদাবাদে ৭টি, নদিয়ায় ১০টি, উত্তর ২৪ পরগনায় ২৫টি, দক্ষিণ ২৪ পরগনায় ৬টি, হাওড়ায় ১টি, হুগলিতে ১২, পূর্ব মেদিনীপুরে ৩, পশ্চিম মেদিনীপুরে ৭, ঝাড়গ্রামে ১, পুরুলিয়ায় ৩, বাঁকুড়ায় ৩, পূর্ব বর্ধমানে ৬টি এবং বীরভূমে ৫টি।

# জালিয়াত হরিপদ গ্রেপ্তার

**আজকালের প্রতিবেদন**

জাল নথি দিয়ে ব্যাঙ্ক থেকে ২৮ লাখ টাকা ঋণ তুলে ব্যাঙ্ক প্রতারণার অভিযোগে গ্রেপ্তার হল হরিপদ পাল। বুধবার অভিযুক্ত হরিপদ ব্যাঙ্কশাল আদালতে আত্মসমর্পণ করে। অভিযোগ, ১২শো বর্গফুটের একটি ফ্ল্যাট কেনার জন্য ২৮ লাখ টাকা ঋণ নেয়। পরে ব্যাঙ্ক জানতে পারে, সমস্ত নথিই জাল। ২৪ জানুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত।

# নিয়মিত ইঞ্জিন রক্ষণাবেক্ষণই হয়নি!

## ট্রেন দুর্ঘটনায় বেরোল তথ্য

**অম্লানজ্যোতি ঘোষ**

আলিপুরদুয়ার, ১৯ জানুয়ারি

কেন 'ওভারডিউ শিডিউল' করে বিকানের-গুয়াহাটি এক্সপ্রেসের দুর্ঘটনায় পড়া ইঞ্জিনকে চালানো হয়েছিল? বুধবার সেই প্রশ্নটিই বড় আকারে উঠে এল। নাম প্রকাশে অনিচ্ছুক এক রেলকর্তা বলেছেন, 'এই ধরনের ঘটনা টেকনিক্যালভাবে রেলের কাছে পুরোপুরি বেআইনি। রেলের শিডিউল মেনে একটি ইঞ্জিন ১০ দিন পর নির্দিষ্ট কোনও শেডে নিয়ে গিয়ে পরীক্ষা করতে হবে। ইঞ্জিন শেড থেকে বেরোনোর ১০ দিন পর ফের শেডে নিয়ে আসতে হবে।'

তবে রেলের একটি তথ্যে জানা গেছে, '৯ জানুয়ারি ওয়াপ '৪' ২২৩৭৫ নম্বর ইঞ্জিনটি পাটনা থেকে বিকানের এক্সপ্রেসকে গুয়াহাটির দিকে টেনে নিয়ে যাচ্ছিল। সেটিকে শেষবারের মতো রক্ষণাবেক্ষণ করা হয়েছিল ২০২১ সালের ১১ নভেম্বর। পরের রক্ষণাবেক্ষণের দিন ছিল ২০২২ সালের ৯ জানুয়ারি। কিন্তু ওই সময় পেরিয়ে যাওয়ার চারদিন পরেও ট্রেনটি চলছিল! রেলের রুলবুক অনুসারে, ২০০১ সালে চিত্তরঞ্জন লোকোমোটিভে তৈরি ওই ইঞ্জিনটি প্রতি দশ বছর অন্তর সার্বিক স্বাস্থ্য পরীক্ষা হওয়ার কথা, অথচ রেলের রেকর্ড অনুসারে ওই ইঞ্জিনটির শেষবার 'পিওএইচ' হয়েছিল ২০১১ সালের ২৭ জুন। নিয়ম মেনে ঠিক তার দশ বছর পরেও তার 'পিওএইচ' করা হয়নি। এদিকে, মঙ্গলবার রাতেই টানা ৪ দিন পর রেলওয়ে সেফটি কমিশনারের নেতৃত্বে তদন্ত শেষ হয়েছে আলিপুরদুয়ারে। জানা গিয়েছে, নিউ জলপাইগুড়ি স্টেশনে ইঞ্জিনটির সমস্যার কথা চালক জানানোর পরেও কেন বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়নি, তা-ও খতিয়ে দেখেছে রেলওয়ে সেফটি কমিশন।

রেল সম্পর্কে বিশেষজ্ঞরা বলেছেন, 'ওভারডিউ শিডিউল সমস্যাটি গোটা দেশের রেলের সমস্যা। গোটা দেশেই রেলের ইঞ্জিনের অপ্রতুলতা রয়েছে।


## GOVERNMENT OF WEST BENGAL

**Personnel and Administrative Reforms Department**
**NABANNA, Howrah-711102**

No. 05/PAR(BSK)/BSK-10/2021 Dated: 19.01.2021

**EXTENSION OF LAST DATE ON ENGAGEMENT OF CONTRACTUAL PERSONNEL IN THE PROGRAMME MANAGEMENT UNIT, WEST BENGAL FOR BANGLA SAHAYATA KENDRAS**

In continuation of this department's earlier Notice on Engagement of Contractual Personnel in the Programme Management Unit, West Bengal for Bangla Sahayata Kendras (BSKs) issued vide no 41/P&AR (BSK)/BSK-10/2021 date: 20.12.2021 for the posts of Chief Operating Officer (1 no), Chief Financial Officer (1 no), Chief Technology Officer (1 no), Senior Software Personnel (2 nos), Reconciliation Personnel (2 nos) and Help-Desk Personnel (2 nos) on purely contractual basis, it is hereby notified that the last date of submission of applications for the said posts is extended upto 05.02.2022 considering the prevailing pandemic situation due to Covid-19 in the State.

The conditions of eligibility, as specified in the engagement notice under reference, continue to remain the same. Interested candidates are requested to go to www.parrecruitment.com prior to filling in the online form.

Sd/-
Joint Secretary
to the Government of West Bengal

ICA-N17(7)/2022



RP-Sanjiv Goenka Group
Growing Legacies

## সারেগামা ইন্ডিয়া লিমিটেড

রেজি: অফিস : ৩৩, যশোর রোড, দমদম, কলকাতা – ৭০০ ০২৮
ওয়েব ঃ www.saregama.com, E-mail id : co.sec@saregama.com, ফোন নং ঃ 033-2551-2984, CIN : L22213WB1946PLC014346

**৩১ডিসেম্বর, ২০২১-এ সমাপ্ত স্বতন্ত্র একত্রিত ত্রৈমাসিক ও নয় মাসে অপরীক্ষিত আর্থিক ফলাফল**

(লক্ষ টাকায়, অন্যথায় বিবৃত ব্যতীত)

| নং | বিবরণ | স্বতন্ত্র | | | একত্রিত | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ত্রৈমাসিকে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২১ (অপরীক্ষিত) | ত্রৈমাসিকে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২০ (অপরীক্ষিত) | নয় মাসে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২১ (অপরীক্ষিত) | ত্রৈমাসিকে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২১ (অপরীক্ষিত) | ত্রৈমাসিকে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২০ (অপরীক্ষিত) | নয় মাসে সমাপ্ত ৩১ ডিসেঃ,'২১ (অপরীক্ষিত) |
| ১। | মোট কারবার থেকে আয় | ১৫,৪৭৪ | ১৩,৪৬০ | ৪০,৭১১ | ১৫,৮৪৬ | ১৩,৭০২ | ৪১,৬৪৬ |
| ২। | সংশ্লিষ্ট মেয়াদের জন্য নিট লাভ / (ক্ষতি) (করের পূর্বে, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহ) | ৫,৬৯৬ | ৩,৭৯৬ | ১৩,৮৮৩ | ৫,৮০১ | ৪,১৩৮ | ১৪,০১৩ |
| ৩। | সংশ্লিষ্ট মেয়াদের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পূর্বে (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে) | ৫,৬৯৬ | ৩,৭৯৬ | ১৩,৮৮৩ | ৫,৮০১ | ৪,১৩৮ | ১৪,০১৩ |
| ৪। | সংশ্লিষ্ট মেয়াদের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পরে (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে) | ৪,২৪৮ | ২,৮১৮ | ১০,৩৩৬ | ৪,৩৫৪ | ৩,১৬০ | ১০,৪৬৭ |
| ৫। | উল্লেখিত মেয়াদের জন্য মোট সামগ্রিক আয় [মেয়াদের জন্য লাভে / (লোকসান) (করের পর) এবং অন্যান্য সামগ্রিক আয় (করের পর) সমন্বিত] | ৩,০৩৬ | ৩,১২৮ | ১৫,২৫৯ | ২,৯২২ | ৩,৫৩১ | ১৬,৪০৫ |
| ৬। | ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু প্রতিটি টাঃ ১০) | ১,৯২৮ | ১,৭৪৩ | ১,৯২৮ | ১,৯২৮ | ১,৭৪৩ | ১,৯২৮ |
| ৭। | পূর্ববর্তী হিসাব বছরের সংরক্ষণ (পুর্নমূল্যায়ন ব্যতীত) ব্যালান্সশিট অনুযায়ী | | | ৩৮,৮৬২ | | | ৩৮,৪৮৬ |
| ৮। | শেয়ার প্রতি লাভ (প্রতিটি টাঃ ১০)(বার্ষিকে সমাপ্ত নয়) মূল (টাঃ) | ২৩.০৬ | ১৬.৪৫ | ৫৮.৩৬ | ২৩.৫৬ | ১৮.৪৪ | ৫৮.৯৪ |
| | মিশ্রিত (টাঃ) | ২৩.০২ | ১৬.২৯ | ৫৮.২৪ | ২৩.৫২ | ১৮.২৫ | ৫৮.৮২ |

**দ্রষ্টব্য ঃ**

১। উপরোক্ত ফলাফল সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জ পেশ করা ৩১ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ত্রৈমাসিক ও নয় মাসে সমাপ্ত আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের সংক্ষিপ্তসার। আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে, যথা www.nseindia.com এবং www.bseindia.com -এ পাওয়া যায় ও কোম্পানির ওয়েবসাইট www.saregama.com- তেও পাওয়া যায়।

২। ৩১ ডিসেম্বর, ২০২১-তে ত্রৈমাসিক ও নয় মাসে সমাপ্ত লেখা অপরীক্ষিত একক/একত্রিত আর্থিক ফলাফলগুলি এই কোম্পানির অডিট কমিটির দ্বারা ১৯শে জানুয়ারী, ২০২২-তে আয়োজিত তাঁদের সভায় পর্যালোচিত ও সুপারিশকৃত হয়েছে এবং এটি একই তারিখে আয়োজিত সভায় এই কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরগণ দ্বারাও অনুমোদিত হয়েছে। এই কোম্পানির বিধিবদ্ধ অডিটরগণ এই ফলাফলগুলি সীমিত পর্যালোচনা সাপেক্ষ রেখেছেন এবং তাঁরা ৩১ ডিসেম্বর, ২০২১-তে ত্রৈমাসিক ও নয় মাসে সমাপ্ত এই অপরিবর্তিত আর্থিক ফলাফলগুলির একটি অযোগ্য পর্যালোচনা প্রতিবেদন জারি করেছেন।

স্থান ঃ মুম্বাই
তারিখ ঃ ১৯শে জানুয়ারী, ২০২২

বোর্ড অফ ডিরেক্টর্স
বিক্রম মেহেরা
ম্যানেজিং ডিরেক্টর
ডিন ০৩৫৫৬৬৮০

www.strategyadvertising.co.in



## আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড

IDFC FIRST Bank

**(পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড হিসেবে পরিচিত)**
**CIN: L65110TN2014PLC097792**
**রেজিস্টার্ড অফিস:** কে আর এম টাওয়ারস, নবম তল, হ্যারিংটন রোড, চেটপেট, চেন্নাই-৬০০০৩১।
ফোন: +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০০০ । ফ্যাক্স: +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০২২

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি**

নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ এবং সহ-ঋণগ্রহীতাগণ **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড রূপে পরিচিত)**-এর থেকে নিম্নলিখিত জামিনযুক্ত ঋণের সুবিধা গ্রহণ করেছিলেন। নিম্নোক্ত ঋণগ্রহীতাগণ এবং সহ-ঋণগ্রহীতাগণের ঋণগুলি তাঁদের সম্পত্তিসমূহ বন্ধক রাখার মাধ্যমে জামিনযুক্ত ছিল। যেহেতু তাঁরা নিজ নিজ ঋণচুক্তির শর্ত ও নিয়মাবলি মেনে চলতে ব্যর্থ হয়েছেন এবং অনিয়মিত হওয়ার কারণে তাঁদের ঋণগুলি আরবিআই-এর নির্দেশিকা অনুসারে অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে। তাঁদের থেকে **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড রূপে পরিচিত)**-এর পাওনা এবং সংশ্লিষ্ট তারিখ থেকে চুক্তিমাফিক হারে এর ওপর প্রযোজ্যমতো পরবর্তী সুদ বাবদ প্রদেয় অর্থাঙ্ক তাঁদের প্রতি জারি করা দাবি বিজ্ঞপ্তির পাশাপাশি এখানে নীচের টেবিলে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

| ক্রম নং | লোন অ্যাকাউন্ট নম্বর | ঋণের ধরন | ঋণগ্রহীতাগণ এবং সহ-ঋণগ্রহীতাগণের নাম | ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তির তারিখ | ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | সম্পত্তির ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৫৯৩২০১৭ | সম্পত্তির বিনিময়ে ঋণ | ১. মেঃ জবিউল্লা শেখ<br>২. সাহিদা খাতুন<br>৩. জবিউল্লা শেখ<br>৪. সাহিদা খাতুন | ১৫.০১.২০২২ | টাঃ ২৩,২৭,৮৮২.০৮ | জমি ৫৯ ডেসিমেল কমবেশির সমগ্র অংশ, আরএস ও এলআর দাগ নং ৭১, ৭১/৩০৭, আরএস খতিয়ান নং ২৬, ৬০, এলআর খতিয়ান নং ১২৪, ৩১, ৭৭, ১১৬, ২৩৬, হাল ৩৮১, মৌজা- ভেটকিয়া, জেএল নং ১১, তৌজি নং ১৪, খাগড়ামুরি গ্রামপঞ্চায়েত, থানা- বিষ্ণুপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, **সীমানা: উত্তর- দাগ নং ৩০৭, শ্রী ধনঞ্জয়ের, দক্ষিণ- দাগ নং ২৮৩ শ্রীরাজকুমারের, পূর্ব- দাগ নং ৬৯, পশ্চিম- দাগ নং ৭২ শ্রীগোবিন্দ।** |
| ২. | ২০৭৯০৪২০ | সম্পত্তির বিনিময়ে ঋণ | ১. রাজুকুমার গুপ্ত<br>২. সোনি গুপ্ত | ১০.০১.২০২২ | টাঃ ১৮,৮১,২০১.৫১ | জমি ৩ কাঠা ১ ছটাকের ওপর বিল্ডিংয়ে একতলায় ফ্ল্যাট নং ১, সমগ্র অংশ, মাপ ৮৪৬ বর্গফুট সুপারবিল্ট, প্রেমিসেস নং ২৪/২, নবীন সেনাপতি লেন, হাওড়া পুরসভা ওয়ার্ড নং ২৫, থানা- শিবপুর, জেলা- হাওড়া-৭১১ ১০১, **সীমানা: উত্তর- কমন প্যাসেজ, দক্ষিণ- সিঁড়ি ও অন্য ফ্ল্যাট, পূর্ব- কমন প্যাসেজ, পশ্চিম- খোলা স্থান।** |
| ৩. | ১৬৫৮৭৮৪৫ | সম্পত্তির বিনিময়ে ঋণ | ১. সঞ্জিত মণ্ডল<br>২. শিপ্রা মণ্ডল | ০৫.০১.২০২২ | টাঃ ১০,৯৩,৬৩৯.৬৮ | জমি ২ কাঠার সমগ্র অংশ, এল আর দাগ নং ৬১৭, এল আর খতিয়ান নং ৪৮৬, হাল ১২৮০, মৌজা- মীরহাটি, প্লট নং ৩, জে এল নং ৬৬, বোদাই গ্রামপঞ্চায়েত, থানা- আমডাঙা, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা, পঃ বঃ। **সীমানা: উত্তর- ১৬ ফুট রাস্তা, দক্ষিণ- টালির বাড়ি, পূর্ব- একতলা, পশ্চিম- প্যাসেজ।** |
| ৪. | ২৪৫৪৯১০১ | সম্পত্তির বিনিময়ে ঋণ | ১. সঞ্জিত পোদ্দার<br>২. জয়দেব পোদ্দার | ০৫.০১.২০২২ | টাঃ ৯,৭৫,৩৬৯.৫৯ | জমি ২ কাঠা বা ০.০৩ একরের সমগ্র অংশ, আর এস প্লট নং ২৩৪, এল আর প্লট নং ৪৮, আর এস খতিয়ান নং ৬৭৯/১, ১২৮, ১২৯, (এল আর) পরগনা- বৈকুণ্ঠপুর, মৌজা- ডাবগ্রাম, জে এল নং ২, শিট নং ১৮ (আর এস) ১৯৪ (এল আর), ফুলবাড়ি ১ নং গ্রামপঞ্চায়েত, থানা- ভক্তিনগর, জেলা- জলপাইগুড়ি। **সীমানা: উত্তর- বিক্রেতার জমি, দক্ষিণ- ১২ ফুট রাস্তা, পূর্ব- বিক্রেতার, পশ্চিম- অশোককুমার ঝাবারিয়ার জমি।** |
| ৫. | ২৩৩১৭১৭২ | গৃহঋণ | ১. শান্তনু অধিকারী<br>২. ঝুলন অধিকারী | ০৫.০১.২০২২ | টাঃ ১৭,৩৪,২৮৩.২৯ | জমি ৪.৭ কাঠায় ১০১০ বর্গফুট ফ্ল্যাটের সমগ্র অংশ, ৪র্থ তল-সহ ৪.৭ কাঠা জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার প্লট নং ১২৪৬২, খতিয়ান নং ১৫১, মৌজা- শিলিগুড়ি, জে এল নং ১১০ (৮৮), তৌজি নং ৩ (জাঃ), পরগনা- বৈকুণ্ঠপুর, শিলিগুড়ি পুরসভার ওয়ার্ড নং XXIII, থানা- শিলিগুড়ি, জেলা- দার্জিলিং, **সীমানা: উত্তর- নিতাই সাহার জমি, দক্ষিণ- পুর রাস্তা, পূর্ব- অনিল সাহার জমি বাড়ি, পশ্চিম- গোপাল দের জমি বাড়ি।** |
| ৬. | ১৯৮৮৩৭৩৩ | সম্পত্তির বিনিময়ে ঋণ | ১. মেঃ শঙ্কর আইস ম্যানুফ্যাকচারিং কোঃ<br>২. শ্রীমতী অনুপমা জয়সোয়াল<br>৩. মেঃ হোটেল শিভম<br>৪. মেঃ লাইট ক্রিয়েসন্স<br>৫. মিঃ কৃষ্ণগোপাল সাউ<br>৬. মিঃ মানব জয়সোয়াল<br>৭. মিঃ রামরঞ্জন কুমার সিং<br>৮. মিঃ সঞ্জয় জয়সোয়াল<br>৯. শ্রীসাই রিয়েলিটি | ১০.০১.২০২২ | টাঃ ৪,৭৬,৬৭,০৩৯.২৬ | দফা-১. বাস্তু ৬ কাঠা ৫ ছটাক ৮ বর্গফুট জমি (বাস্তবিক মাপ ৫ কাঠা ১২ ছটাক)-র সমগ্র অংশ, দাগ নং- ২৯১ আর এস খতিয়ান নং- ১৬৩, শিট নং- ৩৭, মৌজা- মালিপাঁচঘরা, হোল্ডিং নং- ১৫৪, শ্রীরাম ঢ্যাঙ রোড-৭১১ ১০৬, হাওড়া পুরসভার ওয়ার্ড নং ৪, থানা- মালিপাঁচঘরা, জেলা- হাওড়া, ও কাঠামো ৯০০ বর্গফুটের ওপরে **সীমানা: উত্তর-১৫৫ শ্রীরাম ঢ্যাঙ, দক্ষিণ- ১৫৩ শ্রীরাম ধান্দ রোড, পূর্ব- ১৫৭ শ্রীরাম ঢ্যাঙ রোড, পশ্চিম- শ্রীরাম ঢ্যাঙ রোড।**<br>দফা-২, বাস্তু ১ বিঘা ৩ কাঠা ৭ ছটাক জমির সমগ্র অংশ, দাগ নং- ২৯১, আর এস খতিয়ান নং- ১৬৩, শিট নং- ৩৭, মৌজা- মালিপাঁচঘরা, হোল্ডিং নং- ১৫৭ শ্রীরাম ঢ্যাঙ রোড-৭১১ ১০৬, হাওড়া পুরসভার ওয়ার্ড নং ৪, থানা- মালিপাঁচঘরা, জেলা- হাওড়া, ও কাঠামো ১৬০০ বর্গফুটের ওপরে। **সীমানা: উত্তর- অন্যের সম্পত্তি, দক্ষিণ- শ্রী রাম ঢ্যাঙ রোড, পূর্ব- অন্যের সম্পত্তি, পশ্চিম- ১৫৪ শ্রীরাম ঢ্যাঙ রোড।** |

এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নির্ধারিত তারিখ থেকে চুক্তিমাফিক হারে প্রদেয় সুদ, মাসুল ও চার্জ ইত্যাদি সমেত ওপরের টেবিলে বিশদে উল্লিখিত অর্থাঙ্ক **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড রূপে পরিচিত)**-কে আদায় দেওয়ার জন্য আপনাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে, যার অন্যথা হলে **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড রূপে পরিচিত)**-এর পাওনা পুনরুদ্ধারের জন্য নিম্নস্বাক্ষরকারী এখানে ওপরে বর্ণিত সম্পত্তির বিরুদ্ধে সারফায়েসি অ্যাক্ট-এর ১৩(৪) ও ১৪ নং ধারাধীনে আইনি কার্যাবলি শুরু করতে বাধ্য হবেন। পাশাপাশি, উক্ত অ্যাক্টের ১৩(১৩) ধারাধীনে উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি বিক্রি, লিজ বা অন্য কোনও উপায়ে হস্তান্তরে আপনাদের প্রতি নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে।

**অনুমোদিত আধিকারিক**
**আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড**
**(পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড রূপে পরিচিত)**

**তারিখ: ২০.০১.২০২২**
**স্থান: পশ্চিমবঙ্গ**